

কৃষি আবহাওয়া বার্তা

রাজ্য: পশ্চিমবঙ্গ

তারিখ: ২৮-০৩-২০২৪

গত ৩ দিনের ০৮৩০ ভারতীয় সময় পর্যবেক্ষণের ভিত্তিতে আবহাওয়ার বিবরণ (২৫-০৩-২০২৪ থেকে ২৭-০৩-২০২৪ সকাল ০৮৩০ ভারতীয় সময়ের পর্যবেক্ষণ পর্যন্ত)।

উক্ত সময়ের মধ্যে:

২৫ মার্চ: পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দুয়েক জায়গায় অতি হালকা থেকে হালকা বৃষ্টিপাত হয়েছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক ছিল।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : নেই

২৬ মার্চ: পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের অধিকাংশ জায়গায় এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের অনেক জায়গায় অতি হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত হয়েছে।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার): কাঁথি:৬; আলিপুরদুয়ার, জলপাইগুড়ি:২; বাগডোগরা, দীঘা, কাকদ্বীপ, ঝাড়গ্রাম:১

২৭ মার্চ: পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, আলিপুরদুয়ার ও জলপাইগুড়ি জেলার কয়েক জায়গায় অতি হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত হয়েছে। গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বীরভূম জেলার দুয়েক জায়গায় অতি হালকা থেকে হালকা বৃষ্টিপাত হয়েছে।

উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমান (সেন্টিমিটার) : চেংমারী/ ডায়ানা: ৩;

আপেক্ষিক আর্দ্রতা (শতাংশ) : উক্ত সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের জেলাগুলোতে ইহা ছিল ৬১ থেকে ৭৮ শতাংশ এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলোতে ইহা ছিল ৬৬ থেকে ৮৬ শতাংশ।

সর্বোচ্চ তাপমাত্রা : উক্ত সময়ের মধ্যে রাজ্যের সমতলাংশে সর্বোচ্চ তাপমাত্রা বাঁকুড়া তে ২৭ ই মার্চে ৩৬.৮ ডিগ্রি সেলসিয়াস ছিল।

দিনের তাপমাত্রা

তারিখ	স্বাভাবিক	স্বাভাবিকের থেকে			
		২-৪ ডিগ্রি সেলসিয়াস কম	৫-৬ ডিগ্রি সেলসিয়াস কম	২-৪ ডিগ্রি সেলসিয়াস বেশী	৫-৬ ডিগ্রি সেলসিয়াস বেশী
	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম	জায়গার নাম
২৫-০৩-২০২৪	দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার, বহরমপুর, আলিপুর, দমদম, কাঁথি	কালিম্পং, মালদা, বালুরঘাট, কৃষ্ণনগর, মেদিনীপুর, দীঘা	--		--
২৬-০৩-২০২৪	দার্জিলিং, মেদিনীপুর, কাঁথি	কালিম্পং, জলপাইগুড়ি, মালদা, বালুরঘাট, কৃষ্ণনগর, আলিপুর, দমদম, দীঘা	কোচবিহার	--	--
২৭-০৩-২০২৪	মেদিনীপুর, আলিপুর, দমদম	দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার, মালদা, বালুরঘাট, বহরমপুর, কৃষ্ণনগর, কাঁথি, দীঘা	কালিম্পং	--	--

পরবর্তী ৩ দিনের আবহাওয়ার পূর্বাভাস :

২৮ মার্চ (দিন ১) -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাং জেলার কয়েক জায়গায় এবং পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলোর দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের ভূমি অঞ্চলের জেলাগুলিতে আগামী ২ দিন, দিনের তাপমাত্রা ২-৩ ডিগ্রী সেলসিয়াস বাড়বে; পরবর্তী ৩ দিন, তাপমাত্রায় বড় কোনো পরিবর্তন হবে না।

২৯ মার্চ (দিন ২)-

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাং জেলার এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের নদীয়া, পূর্ব বর্ধমান, উত্তর ২৪ পরগনা, বীরভূম, মুর্শিদাবাদ জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে।

৩০ মার্চ (দিন ৩) -

পশ্চিমবঙ্গের হিমালয় সংলগ্ন তরাই অঞ্চলের দার্জিলিং, কালিম্পাং জেলার এবং গাঙ্গেয় পশ্চিমবঙ্গের উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, বাঁকুড়া ও পুরুলিয়া জেলার কয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলির দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।

সতর্কীকরণ:

২৮ মার্চ (দিন ১) -

১) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রাম, বাঁকুড়া ও দক্ষিণ ২৪ পরগনা জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। তার সাথে ঝোড়ো হাওয়া (সর্বোচ্চ গতিবেগ: ৪০-৫০ কিমি প্রতি ঘন্টা) বয়ে যাওয়ার সম্ভাবনা আছে।

২) গাঙ্গেয় পশ্চিমবঙ্গের বাকি জেলাগুলোর দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। তার সাথে ঝোড়ো হাওয়া (সর্বোচ্চ গতিবেগ: ৩০-৪০ কিমি প্রতি ঘন্টা) বয়ে যাওয়ার সম্ভাবনা আছে।

২৯ মার্চ (দিন ২)-

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের নদীয়া, পূর্ব বর্ধমান, উত্তর ২৪ পরগনা, বীরভূম, মুর্শিদাবাদ জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। তার সাথে ঝোড়ো হাওয়া (সর্বোচ্চ গতিবেগ: ৩০-৪০ কিমি প্রতি ঘন্টা) বয়ে যাওয়ার সম্ভাবনা আছে।

৩০ মার্চ (দিন ৩) -

পশ্চিমবঙ্গের সব জেলার দুয়েক জায়গায় বজ্রবিদ্যুৎসহ বৃষ্টিপাতের সম্ভাবনা আছে। তার সাথে ঝোড়ো হাওয়া (সর্বোচ্চ গতিবেগ: ৩০-৪০ কিমি প্রতি ঘন্টা) বয়ে যাওয়ার সম্ভাবনা আছে।

পরবর্তী ২ দিনের অনুমান: সামান্য পরিবর্তন হবে।

স্বাক্ষরিত

পক্ষে

আঞ্চলিক আবহাওয়া কেন্দ্র , আলিপুর, কলকাতা-২৭

২৮-০৩-২০২৪